ইত্তেফাক

তারিখ ... ২৬।১০।৭৮ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...



# জাতীয়তাবাদী দলের প্রশিক্ষণ কেন্দ্রের উদ্বোধন

(ইত্তেফাক রিপোর্ট)

প্রেসিডেন্ট জিয়াউর রহমান বলেন, যথাযথ প্রশিক্ষণ ব্যতীত জীবনের কোন ক্ষেত্রেই উন্নতি সাধন সম্ভব নহে। নবীন-প্রবীণ সকলের ক্ষেত্রেই প্রশিক্ষণ অপরিহার্য। আর এই সত্য উপলব্ধি করিয়াই বাংলাদেশ জাতীয়তাবাদী দল দেশের বিভিন্ন স্থানে প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের উদ্যোগ নিয়াছে।

প্রেসিডেন্ট গতকাল (বুধবার) বিকালে ২৭ নং পুরানা পল্টনে 'রাজনৈতিক ও সমাজ বিজ্ঞান শিক্ষা কেন্দ্রের' উদ্বোধনকালে

(৮ম পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## জাতীয়তাবাদী দল

(১ম পৃঃ পর)

আরও বলেন, বাংলাদেশ জাতীয়তাবাদী দল কয়েক ব্যক্তি বা কিছুদিনের জন্য প্রতিষ্ঠা লাভ করে নাই। এই দেশের মাটিতে সর্বক্ষণ ও সর্ব অবস্থায় উহার প্রয়োজন থাকিবে। তাই দীর্ঘমেয়াদী ভিত্তিতে পার্টির কাজ চালাইয়া যাইতে হইবে। প্রশিক্ষণ কেন্দ্রগুলিতে পার্টির ছোট বড় সকল কর্মীকে পরিকল্পিত উপায়ে রাজনৈতিক, অর্থনৈতিক ও সাংগঠনিক প্রশিক্ষণ দেওয়া হইবে। মূলতঃ এইগুলিই হইবে পার্টির ওয়ার্কশপ।

প্রেসিডেন্ট বলেন, ঢাকায় মোট ২টি এবং রাজনৈতিক জেলাগুলিতে ১টি করিয়া প্রশিক্ষণ কেন্দ্র স্থাপিত হইবে। ভবিষ্যতে থানা পর্যায়েও প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হইবে। পার্টি নেতৃবৃন্দকে বিজ্ঞান, সমাজ বিজ্ঞান, মনোবিজ্ঞান, ইতিহাস, পরিবার পরিকল্পনা প্রভৃতি সর্ববিষয়ে যথোপযুক্ত জ্ঞান রাখিতে হইবে। অনুষ্ঠানে খাদ্যমন্ত্রী জনাব আবদুল মোমেন খান জনকল্যাণমূলক রাষ্ট্র গঠনের উপর গুরুত্ব আরোপ করিয়া বলেন, 'লেফট' বা 'রাইট' লইয়া বাদ বিবাদ নহে—'রাইট' না 'রং' উহাই বিবেচ্য।

পরিশেষে প্রেসিডেন্ট স্বয়ং প্রশিক্ষণ কেন্দ্রের প্রথম ক্লাসটিতে শিক্ষার্থীদের ক্লাস নেন।